

## হজ্জযাত্রীদের সাথে কি কি নিতে হবে

১. হজ্জ পাসপোর্ট, টিকেট ও ডলার ক্রয়।
২. ১১০০ রিয়েল সাথে নিতে পারবে।
৩. একটি সুটকেস ( চামড়ার অথবা রেন্সিনের) বা কাঁধে ঝুলানো ব্যাগ।
৪. হালকা বালিশ অথবা পাম্পবালিশসহ একটি হালকা বেডিং (রেডিমেইড কিনতে পাওয়া যায়)।
৫. হাজী বেল্ট ১টি (রেডিমেইড কিনতে পাওয়া যায়)।
৬. গলার ব্যাগ ১টি ( পাসপোর্ট, টিকেট, হজ্জ গাইড ইত্যাদি রাখার জন্য)।
৭. সিঙ্গেল বিছানার চাদর।
৮. গায়ের চাদর ১টি (শীতের দিনের জন্য কম্বলসহ শীতের পোশাক)।
৯. লুঙ্গী ২টি, গেঞ্জী ২টি, পাঞ্জাবী অন্তত ৩টি (একটু শক্ত কাপড়ের হলে ভাল হয়) পায়জামা বা সেলওয়ার ২/৩ টি।
১০. গামছা বা তোয়ালে ১টি।
১১. জাপিয়া (প্রয়োজনে) ২/৩ টি বা বেশী (ইহরাম অবস্থায় পরা নিষেধ)।
১২. মেসওয়াক (পেষ্ট ও ব্রাশ প্রয়োজনে)।
১৩. গুড়া সাবান ১ প্যাকেট।
১৪. টয়লেট সাবান ১/২।
১৫. রেজরসহ ব্লেড ৫টি।
১৬. নখ কাটার জন্য নেইল কাটার ১টি।
১৭. ছোট চাকু ১টি।
১৮. ছোট আয়না ১টি।
১৯. হালকা জায়নামায ১টি।
২০. পকেট রুমাল ২/৩টি।
২১. ছোট ছাতা ১টি।
২২. নরম ফিতা ওয়ালা স্পঞ্জ সেভেল ৩ জোড়া (শক্ত ফিতায় পা কেটে যায়)।
২৩. বদনা ১টি, পানির মগ ১টি।
২৪. ১টি থালা, ১টি বাটি, ১টি পানির গ্লাস, ১টি চামচ।
২৫. ১টি তালা (জামাতের জন্যও একটি তালাই যথেষ্ট)।
২৬. টয়লেট পেপার ২/৩ প্যাকেট।
২৭. সূচ, সুতা, সেফটীপিন, কিছু সুতলী এবং নাইলনের রশি কয়েক গজ।
২৮. নোট বই/ডায়েরী ১টি, কলম, পেনসিল, সামান্য সাদা কাগজ।
২৯. কুরআন শরীফ, অজিফার কিতাব, মুনাযাতে মকবুল এবং হজ্জের মাসায়েলের কিতাব অবশ্যই সঙ্গে রাখা প্রয়োজন।
৩০. ইহরামের কাপড় ২/৩ সেট। নীচের শরীরে পরার জন্য আড়াই হাত বহরের আড়াই গজের ২/৩ পিছ। গায়ের চাদরের জন্য একই বহরের ৩ গজের ২/৩ পিছ। ইহরামের কাপড় সাদা এবং সুতি হওয়াই উত্তম (তবে পরার জন্য মোটা হওয়া জরুরী নতুবা সতর ঢাকে না)।
৩১. মহিলাদের জন্য বোরকা (রঙ্গিন হলে ভাল হয়, কারণ সাদা কাপড় তাড়াতাড়ি ময়লা হয়)।
৩২. টাকা বা ডলার রাখার জন্য ইহরামের কাপড়ের নীচে কোমড়ে পরার মত কাপড়ের তহবিল বা ব্যাগ ১টি।
৩৩. স্পঞ্জ রাখার জন্য কাপড়ের ছোট ব্যাগ ১টি।
৩৪. বাংলাদেশী ৪/৫ শত টাকা সঙ্গে রাখা প্রয়োজন যাতে হজ্জ থেকে দেশে ফিরার পর বাড়ী পর্যন্ত পৌছার খরচ মিটানো যায়।
৩৫. টুপী, মোজা, শীতকালে শীতের কাপড়, তাসবীহ, পানির পাত্র, খেলাল, তৈল, আতর ও হাতপাখা।
৩৬. কিছু প্রয়োজনীয় জরুরী ঔষধ-পত্র, তুলা, ব্যাণ্ডেজ।
৩৭. প্রখ্যাত চিকিৎসা বিজ্ঞানী প্রফেসর (ডাঃ) এ.কে, আজাদ খান সাহেবের সৌজন্যেঃ-  
হজ্জের সময় সাধারণতঃ যে ওষুধ সাথে নেওয়া উচিত তার নাম ও ব্যবহারের নিয়ম লিখে দেওয়া হলো।

ওষুধের নাম ও পরিমাণ	মাত্রা	অসুখের নাম/উপসর্গ
১। প্যারাসিটামল ১৫ বড়ি	১-২ বড়ি দিনে ৩ বার ২-৩ দিন	শরীরে বা মাথায় ব্যথা, জ্বর
২। এমক্সিসিলিন ৩০ ক্যাপসুল	৫০০ মিঃগ্রাম দিনে ৩ বার, ৫-৭ দিন	জ্বর, পেশাবে জ্বালাপোড়া ডিসেন্ট্রী, ফোড়া কাটা ঘা, ইত্যাদি
৩। হায়োসিন হাইড্রোব্রোমাইড ১২ বড়ি	১-২ বড়ি দিনে ৩ বার, ২ দিন	পেটে শূল ব্যথা
৪। স্টিমোটিল ৫ মিঃগ্রাঃ ৬ বড়ি	১ বড়ি দিনে ৩ বার, ২ দিন	বমি বা বমির ভাবের জন্য
৫। ওরাল স্যালাইন ৬ প্যাকেট	আধা সের পানিতে ১ প্যাকেট, যতবার পায়খানা হয় ততবার খেতে হবে।	বার বার পাতলা পায়খানা হলে

এ ছাড়াও রোগীর নিত্যব্যবহৃত কোন ওষুধ থাকলে (যেমন ডায়াবেটিসের, ব্লাড প্রেসারের বা পেপটিক আলসারের) তা সাথে নিতে হবে।